দৈনিক ইনকিলাব

FEB. 07 200

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ কলাম ... ৩.....

সাংবাদিক সম্মেলনে বাম ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু

# পঃবঙ্গের মাদ্রাসা নিয়ে মুখ্যমন্ত্রী কোন বিরূপ মন্তব্য করেননি ॥ পত্রিকার উপস্থাপনা ভুল

বিবিসি : ভারতের পশ্চিমবঙ্গে মাদ্রাসা বিতর্ক এক জটিল আকার ধারণ করেছে। রাজ্যের ক্ষমতাসীন বাম জোটের নেতৃবৃন্দ বলেছেন, মাদ্রাসাগুলো নিয়ে রাজ্য সরকার কিংবা মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য কোন বিরূপ মন্তব্য করেননি। মুখ্যমন্ত্রী এমন কথাও বলেননি যে, কিছু কিছু অননুমোদিত মাদ্রাসায় রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড চলছে। সংবাদমাধ্যমে মুখ্যমন্ত্রীর বক্তব্যকে ভুলভাবে উপস্থাপন করা হয়েছে। গতকাল (বুধবার) কলিকাতায় ক্ষমতাসীন বাম ফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু এক সাংবাদিক সম্মেলনে বলেন, রাজ্য বাম ফ্রন্টের বৈঠকে মুখ্যমন্ত্রী আমাদের বলেছেন, কোন মাদ্রাসা নয়, জাতীয়তাবিরোধী কাজের সাথে কিছু মানুষ জড়িত আছেন বলে মুখ্যমন্ত্রী বলেছিলেন। বিমান বসু সাংবাদিকদের আরো বলেন, মুখ্যমন্ত্রী বলেছেন, জাতীয়তাবিরোধী কাজের সাথে কিছু লোক জড়িত আছে এবং তাদের সহায়তা দিচ্ছে পাকিস্তানের আইএসআই। মুখ্যমন্ত্রীর এ বক্তব্যের সাথে মাদ্রাসার কোন

৫-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

চেয়েছেন।

## পঃবঙ্গের মাদ্রাসা

প্রথম পৃষ্ঠার পর

সম্পর্ক নেই। মাদ্রাসার বিষয়টি আলোচনার পর ভিন্ন প্রসঙ্গে মুখ্যমন্ত্রীর করা এ মন্তব্য মাদ্রাসা প্রসঙ্গে মুখ্যমন্ত্রীর দেয়া বক্তব্যের সাথে 'টাই আপ' হয়ে গেছে এবং সংবাদমাধ্যমে এর ভুল উপস্থাপন ঘটেছে। বিমান বসু আরো বলেন, পশ্চিমবঙ্গ রাজ্যে বাম ফ্রন্টের শাসনামলে মাদ্রাসাগুলোর উন্নতি হয়েছে। ১৯৭৬-৭৭ সালে মাদ্রাসাগুলোর জন্য ৫ লাখ টাকা বরাদ্দ থাকলেও এখন তা বেড়ে দাঁড়িয়েছে ১শ' ১৫ কোটি টাকা। সরকার এ টাকা ইতোমধ্যেই ব্যয় করেছে। ভারতের অন্য কোন রাজ্যে এত টাকা মাদ্রাসার জন্য বরাদ্দ হয়নি।